

## 2024-2025 ডিরেক্টরি ইনফরমেশন নোটিস এবং ন্যাশনাল ক্লিয়ারিংহাউসের জন্য অপ্ট আউট (নাম প্রত্যাহার) ফর্ম

ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (পারিবারিক শিক্ষা ও গোপনীয়তা আইন, FERPA), যা একটি ফেডারেল আইন, সেটা অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (NYC DOE) সম্মতি ছাড়া শিক্ষার্থীকে শনাক্ত করতে পারে, এমন কোনো তথ্য কাউকে দিতে পারে না। তবে নির্দিষ্ট কিছু তথ্য আছে, যেগুলোকে “ডিরেক্টরি ইনফরমেশন” (নির্দেশিকা তথ্য) বলে এবং সেগুলো কোনো কোনো ক্ষেত্রে হয়ত প্রকাশ করা হতে পারে। NYC DOE “ডিরেক্টরি ইনফরমেশন” ন্যাশনাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউস (NSC)-এর সাথে শেয়ার করে। ডিরেক্টরি ইনফরমেশনের যে তথ্য প্রকাশ করা হবে, তার মধ্যে আছে 2002-2024 সালে DOE হাই স্কুলসমূহে অংশগ্রহণকারী সকল শিক্ষার্থীর পাশাপাশি 2024-2025 সালে নবম (9) গ্রেড শুরু করেছে যেসব শিক্ষার্থী, তাদের নাম ও জন্মতারিখ।

শিক্ষার্থীরা কোথায় কলেজে ভর্তি হয় এবং তারা কোন ধরনের ডিগ্রি অর্জন করে, সে বিষয়ে 3,600 কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ডাটা বা উপাত্ত NSC-এর কাছে রয়েছে। NYC DOE-এর সাবেক শিক্ষার্থীদের শনাক্ত করার এবং এসব শিক্ষার্থী কোথায় কলেজে ভর্তি হয়েছে, কখন ভর্তি হয়েছে, কবে তাদের গ্রাজুয়েশন হবে, এবং কোন ধরনের ডিগ্রি তারা অর্জন করেছে, সেসব তথ্য NYC DOE-কে প্রদানের জন্য NYC DOE-এর কাছ থেকে পাওয়া ডিরেক্টরি তথ্য NSC ব্যবহার করে। শিক্ষার্থীদের কলেজ প্রস্তুতি ও সাফল্য সম্পর্কে বুঝতে NYC DOE এ তথ্য ব্যবহার করে।

### কীভাবে ন্যাশনাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের সাথে ডিরেক্টরি তথ্য শেয়ার করা থেকে নাম প্রত্যাহার করা যায়

যদি আপনি NYC DOE-কে নিষেধ না করেন, তবে NYC DOE, শিক্ষার্থীর যেসব ডিরেক্টরি তথ্য NSC-এর কাছে প্রদান করবে, সেগুলোর মধ্যে আছে নাম, কোন গ্রেডে পড়ছে, এবং জন্মতারিখ। NYC DOE-কে আপনার শিক্ষার্থীর ডিরেক্টরি তথ্য NSC-কে না দিতে বলার জন্য:

- আপনি যদি NYC DOE-কে এই ডিরেক্টরি তথ্য শেয়ার করার অনুমতি দেন, তবে আপনার আর কিছু করতে হবে না।
- আপনি "অপ্ট আউট" (নাম প্রত্যাহার) করতে চাইলে (অর্থাৎ আপনি এই ডিরেক্টরি তথ্য প্রকাশ করতে না চাইলে), **শুক্রবার, 14 ফেব্রুয়ারি, 2025** তারিখের মধ্যে এই ফর্মটি পূরণ করুন, এবং আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে জমা দিন। আপনার যদি NYC DOE পাবলিক স্কুল সিস্টেমে একাধিক সন্তান থাকে, তাহলে আপনাকে প্রত্যেক সন্তানের জন্য একটি করে ফর্ম জমা দিতে হবে।
- 18 অথবা এরচেয়ে বেশি বয়সী শিক্ষার্থী ডিরেক্টরি ইনফরমেশন প্রকাশ করতে না চাইলে, তার নিজের পক্ষে নিজেকে ফর্মটি পূরণ করতে ও স্বাক্ষর করতে হবে। FERPA-এর আইনানুযায়ী, পিতামাতা বা অভিভাবকের স্বাক্ষরে কাজ করবে না।
- আপনি এই ফর্ম জমা দিলে, যতক্ষণ পর্যন্ত না আপনি এই নাম প্রত্যাহার (অপ্ট আউট) বাতিল করবেন, ততক্ষণ পর্যন্ত এই ডিরেক্টরি ইনফরমেশন প্রকাশ করা হবে না। আপনি যদি নাম প্রত্যাহার (অপ্ট আউট) বাতিল করতে চান, তাহলে আপনাকে অবশ্যই আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে লিখিতভাবে তা জানাতে হবে।

এই বিজ্ঞপ্তির অনুলিপি এবং ফর্ম আপনার বা আপনার সন্তানের স্কুলে পাওয়া যাবে, এবং তা অনলাইনে এই [ওয়েবপেজে](https://www.schools.nyc.gov/learning/student-journey/college-and-career-planning/national-student-clearinghouse-notice-and-opt-out-form) পাওয়া যেতে পারে <https://www.schools.nyc.gov/learning/student-journey/college-and-career-planning/national-student-clearinghouse-notice-and-opt-out-form>। এই ফর্ম সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে সংশ্লিষ্ট স্কুলে যোগাযোগ করুন।

আপনি যদি ন্যাশনাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে তথ্য প্রকাশ করা থেকে নাম প্রত্যাহার (অপ্ট আউট) করতে চান, **শুধুমাত্র তাহলেই অনুগ্রহ করে এটি পূরণ ও স্বাক্ষর করবেন:**

- আমি নিচে উল্লিখিত শিক্ষার্থী, এবং আমার বয়স 18 অথবা অধিক। আমি **চাইনা** আমার নাম, যে গ্রেডে পড়ছে, এবং জন্মতারিখ, ন্যাশনাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করা হোক।
- আমি নিম্নোল্লিখিত শিক্ষার্থী, যার বয়স 18-এর কম, তার পিতামাতা/অভিভাবক। আমি **চাইনা** আমার সন্তানের নাম, যে গ্রেডে পড়ছে, এবং জন্মতারিখ, ন্যাশনাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করা হোক।

শিক্ষার্থীর বয়স 18 বছরের কম হলে পিতামাতা/অভিভাবকের স্বাক্ষর

শিক্ষার্থীর বয়স 18 বা এর বেশি হলে তার নিজস্ব স্বাক্ষর

নিচে শিক্ষার্থীর তথ্য দিন:			
শিক্ষার্থীর নাম:	OSIS #:	গ্রেড:	জন্মতারিখ (মাস/দিন/বৎসর):
পিতামাতা/অভিভাবকের নাম:		স্কুলের নাম (এবং বরো):	